# জরুরি বিজ্ঞপ্তি

## উজিরপুর উপজেলার ফ্রিল্যান্সারদের তথ্য সংগ্রহ সংক্রান্ত

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উদ্যোগে দেশে ফ্রিল্যান্সিং পেশার মানোন্নয়ন, দক্ষ ফ্রিল্যান্সারদের তথ্যভান্ডার (ডাটাবেজ) প্রস্তুতকরণ, সরকারি বিভিন্ন সহায়তা ও সুযোগ-সুবিধা প্রদানের কার্যক্রমকে আরও গতিশীল করা এবং পর্যায়ক্রমে ফ্রিল্যান্সারদের সরকারি পরিচয়পত্র (আইডি কার্ড) প্রদানের লক্ষ্যে উজিরপুর উপজেলার ফ্রিল্যান্সারদের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে।

এ লক্ষ্যে উজিরপুর উপজেলায় বসবাসকারী এবং দেশি বা বিদেশি ক্লায়েন্টের জন্য অনলাইনে ফ্রিল্যান্সিং বা রিমোটভিত্তিক কাজের সঙ্গে নিয়মিত/অনিয়মিতভাবে যুক্ত সকলকে উপজেলা আইসিটি অফিসে যোগাযোগ করে প্রয়োজনীয় তথ্য প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

### যেসব বিষয়ে তথ্য প্রদান করতে হবে:

- ফ্রিল্যান্সারের নাম ও বর্তমান ঠিকানাঃ (বাংলা এবং ইংরেজিতে এনআইডি ও সার্টিফিকেট অনুসারে)
- মোবাইল নম্বরঃ
- ই-মেইলঃ
- যেসব বিষয়ে অভিজ্ঞ সেগুলোর নামঃ
  যেমন: গ্রাফিক্স ডিজাইন, ওয়েব ডেভেলপমেন্ট, ডিজিটাল মার্কেটিং, SEO, কনটেন্ট রাইটিং, ভিডিও এডিটিং, UI/UX ডিজাইন, সফটওয়্যার ডেভেলপমেন্ট, সাইবার সিকিউরিটি, AI, ডেটা এন্ট্রি, ভার্চুয়াল অ্যাসিস্ট্যান্ট, থ্রি-ডি ডিজাইন, অ্যানিমেশন, অনুবাদ, ই-কমার্স সাপোর্টসহ অন্যান্য)
- কাজের অভিজ্ঞতার সময়কালঃ

এই তথ্য সংগ্রহের মাধ্যমে উপজেলার ফ্রিল্যান্সারদের একটি হালনাগাদ তথ্যভান্ডার তৈরি করা হবে, যা ভবিষ্যতে সরকারি পরিচয়পত্র প্রদান, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, কর্মশালা, সেমিনার, নেটওয়ার্কিং কার্যক্রম, সরকারি স্বীকৃতি এবং তথ্যপ্রযুক্তি খাতের বিভিন্ন উদ্যোগে অংশগ্রহণের ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করবে।

উজিরপুর উপজেলার সকল ফ্রিল্যান্সারকে নির্ধারিত তথ্যসহ দ্রুত উপজেলা আইসিটি অফিসে যোগাযোগ করার জন্য আন্তরিকভাবে অনুরোধ করা হলো।

ইমেইলঃdoict.wazirpurbarishal@gmail.com
মোবাইল নম্বরঃ0130-3532471

যোগাযোগের ঠিকানাঃ
উপজেলা আইসিটি অফিস
উজিরপুর, বরিশাল।